# AKASHVANI (AIR)
# RNU : KOLKATA
# Bengali Text Bulletin

**Date 01-06-2025** **Time: 7.35 A.M.**

---

বিশেষ বিশেষ খবরঃ-

১) স্বরাষ্ট্র মন্ত্রী অমিত শাহ আজ কলকাতায় একাধিক কর্মসূচীতে অংশগ্রহণ করবেন।

২) জাতীয় তদন্তকারী সংস্থা এনআইএ গতকাল ৭ টি রাজ্যের সঙ্গে কলকাতার তিন জায়গাতেও পাক গুপ্তচর সংস্থার সঙ্গে জড়িত সন্দেহে তল্লাশি চালিয়েছে।

৩) যাত্রী পরিষেবার উন্নতিতে পূর্ব রেলের শিয়ালদা ডিভিশনে কলকাতা শিয়ালদা লালগোলার ১১ টি মেমু ট্রেনকে ইএমইউ ট্রেনে রূপান্তরিত করা হচ্ছে।

৪) কদর্য ভাষায় পুলিশকে আক্রমণ করার অভিযোগে বীরভূমের তৃণমূল কংগ্রেস নেতা অনুব্রত মন্ডলকে আজ ফের পুলিশের কাছে হাজিরা দিতে নির্দেশ দেওয়া হয়েছে।

৫) আলিপুরদুয়ারের কুঞ্জনগরে বুনো হাতির আক্রমণে একই পরিবারের তিনজনের মৃত্যু।

৬) আজ জামাইষষ্ঠী। সকাল থেকেই শুরু হয়েছে যথাবিহিত লোকাচার।

---

বর্ষীয়ান বিজেপি নেতা ও কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ বেশ কিছু কর্মসূচিতে যোগ দিতে গতকাল রাতে কলকাতায় এসে পৌঁছেছেন। কলকাতা বিমানবন্দরে তাকে স্বাগত জানান দলের রাজ্য সভাপতি ও কেন্দ্রীয় প্রতিমন্ত্রী সুকান্ত মজুমদার ও বিরোধী

দলনেতা শুভেন্দু অধিকারী সহ রাজ্য বিজেপি নেতৃত্ব। গতকাল রাতে শহরের একটি বেসরকারি হোটেলে তিনি রাত্রি বাস করেন। এরপর আজ সকালে রাজারহাটে সেন্ট্রাল ফরেনসিক সায়েন্স ল্যাবটারি বা সিএফএসএল-এ এক অনুষ্ঠানে যোগ দেবেন। অনুষ্ঠান শেষে স্বরাষ্ট্রমন্ত্রী হোটেলে ফিরে মধ্যাহ্ন ভোজের পর দুপুরে নেতাজি ইন্ডোর স্টেডিয়ামে পৌঁছবেন। সেখানে বিজেপির এক দলীয় অনুষ্ঠানে অংশ নেবেন। অনুষ্ঠান শেষে কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী কলকাতায় স্বামী বিবেকানন্দর বসতবাড়ির পরিদর্শনে যাবেন। বিকেলে সেখান থেকে কলকাতা বিমানবন্দরে পৌঁছে দিল্লির উদ্দেশে রওনা হবেন।

অমিত শাহের আজকের কলকাতা সফর সম্পর্কে বিজেপির রাজ্য সভাপতি সুকান্ত মজুমদার বলেন, স্বরাষ্ট্র মন্ত্রীর সঙ্গে বৈঠকের জন্য রাজ্য বিজেপি কর্মীরা উৎসাহিত।

বাইট

---------------------

জাতীয় তদন্ত সংস্থা NIA গত সন্ধ্যায় এক বিবৃতিতে জানিয়েছে যে পাকিস্তানের হয়ে গুপ্তচরবৃত্তির জন্য এক সন্দেহভাজনকে গ্রেপ্তার করার সূত্রে, গতকাল দিল্লি, মহারাষ্ট্র, হরিয়ানা, উত্তর প্রদেশ, রাজস্থান, ছত্রিশগড় আসাম ও পশ্চিমবঙ্গের ১৫টি জায়গায় ব্যাপক তল্লাশী চালানো হয়। পাকিস্তানের গুপ্তচর সংস্থার সঙ্গে যোগসাজশে, যে সব সংস্থা টাকা লেনদেন করত, তাদের বাড়ি ও অফিসেই তল্লাশী করা হয়েছে। এই অভিযানে অনেক ইলেকট্রনিক নথি ও প্রমাণ বাজেয়াপ্ত করা হয়েছে এবং সেগুলি বিশ্লেষণ করে দেখা হচ্ছে।

NIA-র সন্দেহ এই সংস্থাগুলির মাধ্যমে দেশের অভ্যন্তরের জঙ্গি সংগঠনগুলি অর্থ সাহায্য পেত। গত ২০ শে মে এই নিয়ে তদন্তকারী সংস্থাটি একটি মামলা রুজু করেছিল।

এন আইএ গতকাল কলকাতার ৩টি এলাকা, পার্কসার্কাস, খিদিরপুর ও আলিপুরে তল্লাশি চালায়। পার্ক সার্কাসের হোটেলে অভিযান চালিয়ে এক যুবককে আটক করেন কেন্দ্রীয় তদন্তকারী আধিকারিকরা। তার ল্যাপটপ ও বেশ কিছু নথিপত্র বাজেয়াপ্ত করা হয়।

খিদিরপুরের মোমিনপুরে তল্লাশী চালানো হয় বিদেশী মূদ্রা বিনিময় দপ্তরে। এই অফিসের সঙ্গে পাক গুপ্তচরদের কোনো যোগাযোগ আছে কিনা তা খতিয়ে দেখা হচ্ছে।

---------------------

যাত্রী পরিষেবার উন্নতিতে পূর্ব রেলের শিয়ালদহ ডিভিশন MEMU ( Mainline Electric Multiple Unit) ট্রেনের বদলে EMU( Electric Multiple Unit) ট্রেন চালানোর সিদ্ধান্ত নিয়েছে। এগারো (১১) টি MEMU ট্রেনকে EMU ট্রেনে রূপান্তর করা হচ্ছে। আগামী চৌঠা জুন(4 জুন ২০২৫) থেকে এই পরিবর্তন কার্যকর হবে বলে রেল সূত্রের খবর।

এর পাশাপাশি, শিয়ালদহ ও কলকাতা/ লালগোলা রুটের নয় (৯) টি পরিষেবা দুই ভাগে বিভক্ত করা হচ্ছে, যাতে যাত্রীরা আরও স্বাচ্ছন্দ্য পেতে পারেন। দুটি ট্রেনের মধ্যে ১৯ থেকে ৩২ মিনিটের বিরতি থাকবে।

এই পূর্ণাঙ্গ রদবদলের মূল উদ্দেশ্য  যাত্রী কল্যাণ, বিশেষ করে মহিলা, প্রবীণ এবং শিশুদের জন্য উন্নত স্যানিটেশন সুবিধা প্রদান করা বলে রেলের তরফে জানানো হয়েছে।

এছাড়া, 31426 নৈহাটি - শিয়ালদা, এবং 31242 ব্যারাকপুর - শিয়ালদা লোকাল এর সময় সূচি পরিবর্তন করা হচ্ছে বলে রেল সূত্রের খবর।

---------------------

এদিকে, শিয়ালদহ- লালগোলা শাখায় লোকাল ট্রেনে টয়লেট বিহীন EMU রেক চালানোর সিদ্ধান্তে আপত্তি জানিয়ে রেলমন্ত্রী অশ্বিনী বৈষ্ণবকে চিঠি দিয়েছেন কংগ্রেস ওয়ার্কিং কমিটির সদস্য, প্রাক্তন সাংসদ অধীর রঞ্জন চৌধুরী। ওই চিঠিতে অধীর বাবু রেল মন্ত্রীকে লেখেন, যে প্রায় ২৫০ কিলোমিটার যাত্রাপথে টয়লেট না থাকলে যাত্রীদের অস্বস্তিকর ও অসুবিধা জনক পরিস্থিতির সম্মুখীন হতে হবে। এই সিদ্ধান্ত প্রত্যাহার ও আগের মতো পরিষেবা চালু রাখার দাবি জানিয়েছেন অধীর বাবু।

---------------------

সামাজিক ন্যায় বিচার ও ক্ষমতায়ন সম্পর্কিত সংসদীয় স্থায়ী কমিটির চেয়ারপারসন P.C. Mohan সহ অন্যান্য সদস্যরা গতকাল  কলকাতায় মেট্রো রেলের জেনারেল ম্যানেজার P Uday Kumar Reddy, পূর্ব রেলের জেনারেল ম্যানেজার Milind K Deouskar, দক্ষিণ পূর্ব রেলের জেনারেল ম্যানেজার Anil Kumar Mishra  সহ রেলের সিনিয়র আধিকারিকরা এক গুরুত্বপুর্ন বৈঠক করেন। সামাজিক ন্যায় বিচার ও ক্ষমতায়ন সম্পর্কিত সংসদীয় স্থায়ী কমিটির সদস্যরা মেট্রো রেলে Accessible India Campaign বা (AIC) প্রকল্পের আওতায় গৃহীত পদক্ষেপগুলি

পর্যালোচনা করেছেন। প্রতিবন্ধী ব্যক্তিদের জন্য মেট্রো পরিষেবা গুলির সহজলভ্যতা নিশ্চিত করতে এবং এই বিষয়ে আরো উন্নতির জন্য পরামর্শ দেন।

---------------------

পুলিশের নির্দেশ সত্বেও বোলপুর SDPO দপ্তরে হাজিরা না দেওয়ায়, বীরভূমের তৃণমূল কংগ্রেস নেতা অনুব্রত মন্ডলকে আবার হাজিরার নোটিস পাঠানো হয়েছে। অসুস্থতার কারণ দেখিয়ে তিনি গতকালের হাজিরা এড়িয়ে যান। আজ বেলা ১১'টার মধ্যে তাঁকে সশরীরে SDPO দপ্তরে হাজিরা দিতে বলা হয়েছে।

অন্যদিকে, অনুব্রতকে গ্রেপ্তারের দাবীতে বিজেপি, সাঁইথিয়া থানায় অভিযোগ দায়ের করেছে। বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী বলেছেন, কদর্য ভাষায় পুলিশকে আক্রমণ করে তারপর ক্ষমা চেয়ে নিলে অপরাধ স্খলন হয়না। অনুব্রত মন্ডলের ভাষা শুধুমাত্র আইসি-র পরিবারের মা বা তাঁর স্ত্রীর প্রতি অসম্মান নয়, গোটা নারী জাতির অসম্মান।

এদিকে, অনুব্রত প্রসঙ্গে তৃণমূল কংগ্রেসের শীর্ষ নেতাদের নীরবতা নিয়ে কংগ্রেস নেতা অধীর রঞ্জন চৌধুরী কটাক্ষ করেছেন। তিনি বলেছেন, পুলিশ শাসক দলের ক্রীতদাসে পরিণত হয়েছে। অধীরবাবু বলেন, অনুব্রত মন্ডল যেহেতু মুখ্যমন্ত্রীর অত্যন্ত প্রিয় পাত্র, তাই তাঁর যাতে কোন কষ্ট না হয়, সে বিষয়টি নেত্রী দেখছেন।

( বাইট- অধীর / অনুব্রত )

উল্লেখ্য, বোলপুর থানার এক আধিকারিককে কদর্য ভাষায় আক্রমণ ও হুমকির প্রতিবাদে গতকাল অনুব্রতকে SDPO-র দপ্তরে হাজিরা দিতে বলা হয়। দলের পক্ষ থেকে নির্দেশ আসার পরই ঐ আধিকারিকের কাছে লিখিতভাবে ক্ষমাও চান তিনি।

---------------------

রাজ্যের গ্রামীণ স্বাস্থ্য পরিকাঠামোর উন্নয়নে কেন্দ্রীয় স্বাস্থ্য মন্ত্রক, জাতীয় গ্রামীণ স্বাস্থ্য মিশন প্রকল্পে এ রাজ্যের জন্য ৩৯১ কোটি টাকা বরাদ্দ করেছে। চলতি অর্থবছরে প্রথম কিস্তি হিসাবে এই টাকা দেওয়া হবে বলে নবান্ন সূত্রে জানা গিয়েছে।

উল্লেখ্য, শর্ত না মানার অভিযোগে স্বাস্থ্য মন্ত্রক গত দুই বছর ধরে এই প্রকল্পে রাজ্যকে টাকা দেওয়া বন্ধ রেখেছিল।

---------------------

আলিপুরদুয়ারের কুঞ্জোনগরে বুনোহাতির আক্রমণে একই পরিবারের তিনজনের মৃত্যু হয়েছে। এর মধ্যে ৩৫ দিনের একটি শিশু কন্যাও রয়েছে। জানা গেছে, শুক্রবার রাতে হাতির পায়ের শব্দ শুনে মনোজিত্‌ দাস নামে ৩৫ বছরের এক যুবক বাড়ির বাইরে খোঁজ নিতে বেরোন। সেই সময় আচমকাই একটি হাতি তাকে আঘাত করে। ছেলের চিৎকার শুনে মা মাখন রানী দাস ৩৫ দিনের নাতনী মনীষাকে কোলে নিয়ে বাইরে বেরোলে, তিনিও আক্রমণের শিকার হন। পরে তিনজনকেই ফালাকাটা হাসাপতালে নিয়ে যাওয়া হলে চিকিৎসকরা মৃত ঘোষণা করেন।

এদিকে, বন দপ্তরের অবহেলাকে কেন্দ্র করে স্থানীয় বাসিন্দারা ঘটনাস্থলে বিক্ষোভ দেখিয়েছেন।

---------------------

নদীয়ার কালিগঞ্জ বিধানসভা উপনির্বাচনের জন্য বিজেপি, গতকাল প্রার্থী ঘোষণা করেছে। আশিস ঘোষকে ওই আসনে প্রতিদ্বন্দ্বিতার জন্য নির্বাচন করেছে দল। এর আগেই তৃণমূল কংগ্রেস ও কংগ্রেস, ওই আসনে তাদের নিজ নিজ প্রার্থীর নাম ঘোষণা

করে। প্রয়াত বিধায়ক নাসিরুদ্দিন আহমেদের মেয়ে আলিফা আহমেদকে তৃণমূল কংগ্রেস প্রার্থী করেছে। কংগ্রেসের তরফে কবিলউদ্দিন শেখকে প্রার্থী করা হয়েছে।

উল্লেখ্য, ১৯শে জুন, কালিগঞ্জ বিধানসভা উপনির্বাচনের জন্য এগিয়ে চলেছে মনোনয়ন পত্র জমা দেবার কাজ। আগামী সোমবার দোসরা জুন প্রার্থীপদ দাখিলের সময়সীমা শেষ হচ্ছে। পরদিন জমা পরা মনোনয়নগুলি খতিয়ে দেখা হবে। পাঁচ তারিখ প্রার্থীপদ প্রত্যাহারের শেষ দিন। ২৫শে জুন গণনা।

---------------------

এক বিশেষ সম্প্রদায়ের ধর্মীয় ভাবাবেগে আঘাত করে সমাজমাধ্যমে ভিডিও পোষ্ট করার অভিযোগে কলকাতা পুলিশ, গুরগাঁও থেকে এক তরুণীকে গ্রেপ্তার করেছে। জানা গেছে, শর্মিষ্ঠা পানোলি নামে ঐ তরুণীর বিরুদ্ধে গার্ডেনরিচ থানায় অভিযোগ দায়ের হয়। কিন্তু পরিবারের সকলে বেপাত্তা হয়ে যাওয়ায় তাকে আইনী নোটিশ দেওয়া সম্ভব হয়নি। আদালত গ্রেপ্তারী পরোয়ানা জারী করলে গত শুক্রবার শর্মিষ্ঠাকে গ্রেপ্তার করা হয়।

গতকাল তাকে ট্রানজিট রিমান্ডে কলকাতায় আনা হয়। আলিপুর আদালত শর্মিষ্ঠাকে ১৩’ই জুন পর্যন্ত জেল হেফাজতের নির্দেশ দিয়েছে।

---------------------

শিলিগুড়িতে নকল আধার কার্ড তৈরির অভিযোগে পুলিশের গোয়েন্দা বিভাগ দুজনকে গ্রেপ্তার করেছে। টিকিয়াপাড়ার মাতঙ্গিনী কলোনি এলাকায় একটি রেল কোয়ার্টারে গত শুক্রবার রাতে তল্লাশি চালিয়ে সুশীল রায় নামে এক যুবককে পাকড়াও

করা হয়। তাকে জিজ্ঞাসাবাদ করে চক্রের মূল পান্ডা ইন্দ্রনারায়ণ চৌধুরীকে গ্রেফতার করা হয়েছে। ধৃতদের কাছ থেকে উদ্ধার হয়েছে প্রচুর নকল আধার কার্ড।

--------------------

প্রতিবারের মতো এবারেও দুর্গাপুজোর আগে তাঁতিদের কাছ থেকে সরাসরি শাড়ি কিনবে তন্তুজ। তন্তুজের ধাত্রীগ্রাম প্রোকিওরমেন্ট সেন্টার ও ওয়ারহাউসে গতকাল তন্তুজের চেয়ারম্যান তথা রাজ্যের মন্ত্রী স্বপন দেবনাথের সঙ্গে সংস্থার ম্যানেজিং ডিরেক্টর রবীন্দ্রনাথ রায় এ নিয়ে বৈঠক করেন। রবীন্দ্রনাথ রায় জানান, রাজ্যের বিভিন্ন জায়গায় ক্যাম্প করে এই শাড়ি কেনা হবে। প্রাথমিক পর্যায়ে ১ কোটি টাকার বিভিন্ন ডিজাইনের শাড়ি কেনা হবে।

মন্ত্রী জানান, প্রতি বছরই তাঁতিদের কাছ থেকে সরাসরি শাড়ি কেনে তন্তুজ।। এতে তাঁতিরা আর্থিক দিক দিয়ে উপকৃত হচ্ছেন।

তাঁতিদের কাছ থেকে সরাসরি শাড়ি কেনার জন্য পূর্ব বর্ধমানের কালনার ধাত্রীগ্রাম ও শ্রীরামপুর, নদীয়ার ফুলিয়া ও শান্তিপুর কোচবিহার এবং হুগলীর রাজবলহাট এই ৬ টি জায়গায় ক্যাম্প করা হবে। এখান থেকে কেনা শাড়ি রাজ্যের ৬৪ টি শোরুম, ভিনরাজ্যে এমনকি বিদেশেও তন্তুজের বিপননকেন্দ্রে প্রদর্শন ও বিক্রি করা হবে। তাঁতিরা চাইলে তন্তুজ তাঁদের শাড়ির ডিজাইনও সরবরাহ করবে।

--------------------

আজ জামাইষষ্ঠী। এটি বাঙালির একটি ঐতিহ্যবাহী সংস্কৃতিক লৌকিক আচার। জ্যৈষ্ঠ মাসের শুক্ল পক্ষের ষষ্ঠী তিথিতে বাঙালিরা এই আচার পালন করেন। এই দিনে বিবাহিত মেয়ে ও জামাইকে নিমন্ত্রণ করে আপ্যায়ন করা হয়। এভাবে জামাইকে

খুশি রাখার চেষ্টায় ষষ্ঠীপুজোর লৌকিক প্রথাই বাঙালির জ্যৈষ্ঠ মাসের উৎসব হয়ে উঠেছে।

--------------------

স্বাভাবিক সময়ের আগেই উত্তরবঙ্গে বর্ষা এসেছে। সেই সঙ্গে একটি নিম্নচাপ অক্ষরেখা সক্রিয় থাকার কারণে আজ উত্তরের সব জেলাতেই বজ্রবিদ্যুৎ সহ ভারী বৃষ্টির পূর্বাভাস রয়েছে।

আলিপুর আবহাওয়া দপ্তরের বিজ্ঞানী অন্বেষা ভট্টাচার্য আকাশবাণীকে বলেন, আজ কলকাতাসহ দক্ষিণের জেলাগুলিতে ঝোড়ো হাওয়া থাকবে সেই সঙ্গে বিক্ষিপ্তভাবে হালকা থেকে মাঝরি বৃষ্টিপাত হবে।

বাইট

-------------------- --------------------